NOTICE is hereby given pursuant to the provisions of Section 124(6) of the Companies Act, 2013 read with the Investor Education and Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016 ("the Rules"), as amended from time to time, that the Company is mandated to transfer all the shares in respect of which dividends have not been claimed for seven consecutive years or more, in the name of Investor Education and Protection Fund ("IEPF")

In compliance with the said Rules, the Company is communicating individually to the concerned shareholders, whose shares are liable to be transferred to the Demat account of IEPF Authority, at their latest available address in the Company records. The Company has also uploaded on its website www.welspuncorp.com, the detail of such shareholders whose shares are liable to be transferred to the IEPF Authority. The Company shall take necessary steps to transfer the concerned shares held by such shareholders to the Demat account of the IEPF Authority within 30 days from the due date **(i.e. October 29, 2023)**.

It may be noted that no claim shall lie against the Company in respect of the shares and dividends thereof credited to the account of the IEPF Authority. On transfer of the dividends and the shares to the IEPF Authority, the shareholder may however claim the same by making an application to the IEPF Authority in IEPF Form - 5, as prescribed under the aforesaid Rules which is available on the IEPF website, i.e. www.iepf.gov.in.

For further information /clarification, shareholders may write or contact to:

(i) Company's RTA, Link Intime India Private Limited, C 101, 247 Park, L.B.S.Marg, Vikhroli (West), Mumbai - 400083. Tel. No. 022- 49186270 / 49186260, e-mail: rnt.helpdesk@linkintime.co.in;
(ii) Secretarial Department of the Company at Welspun House, 5th Floor, Kamala Mills Compound, Senapati Bapat Marg, Lower Parel, Mumbai - 400013. Tel. 022-6613 6000, e-mail : CS_WCL@welspun.com; or
(iii) Registered Office of the Company at Welspun City, Village Versamedi, Taluka Anjar, Dist. Kutch, Gujarat- 370110.

For **Welspun Corp Limited**
Sd/-
Pradeep Joshi
Company Secretary
FCS-4959

Place : Mumbai
Date : July 11, 2023

XPRO INDIA LIMITED

CIN : L25209WB1997PLC085972
Registered Office : Barjora Mejia Road, P.O. - Ghutgoria, Tehsil - Barjora, Dist. Bankura, West Bengal - 722 202
Tel.: 91-9775301701, **Email :** cosec@xproindia.com; **Website :** www.xproindia.com

NOTICE is hereby given that the **TWENTY SIXTH Annual General Meeting (AGM)** of the Members of the Company will be held through Video Conferencing (VC)/Other Audio Visual Means (OAVM) **on Thursday, August 10, 2023 at 10.30 A.M. (IST)** to transact the Business set out in the Notice of the 26th AGM dated May 22, 2023.

The Notice convening the 26th AGM and Annual Report for the year 2022-23 in electronic mode have been sent to all the members whose e-mail ids are registered with the Company/Depository Participant(s) in conformity with the regulatory requirements. The date of completion of dispatch of the Notices in permitted mode(s) is July 11, 2023. The Annual Report for the year 2022-23 and the Notice of 26th AGM are also available on the Company's website www.xproindia.com, on the website of the Stock Exchanges at www.nseindia.com & www.bseindia.com and on CDSL website www.evotingindia.com.

The Company has provided its Members the facility to cast their vote electronically on all the Resolutions set out in the Notice through remote e-voting (facility to cast vote prior to the AGM) and also e-voting during the AGM, for which purpose services of Central Depository Services (India) Limited (CDSL) have been engaged by the Company. The remote e-voting period commences on Monday, August 7, 2023 (9 a.m.) and ends on Wednesday, August 9, 2023 (5 p.m.) after which the voting portal will be disabled by the Depository and no voting shall be allowed. In case of any queries, you may refer the Frequently Asked Questions ("FAQs") and e-voting manual for members available at https://www.evotingindia.com or contact Mr. Rakesh Dalvi, Manager, Central Depository Services (India) Limited, A Wing, 25th Floor, Marathon Futurex, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai - 400013 by sending an email to helpdesk.evoting@cdslindia.com or contact CDSL helpdesk on telephone number: 022-23058542/43.

A member may participate in the AGM through VC/OAVM even after exercising his/her right to vote through remote e-voting but shall not be allowed to vote again in the meeting.

A Member who will be present in the AGM through VC/OAVM facility and has not cast his/her vote on the Resolutions through remote e-voting and is otherwise not barred from doing so, shall be eligible to vote through e-voting during the AGM.

The detailed procedure for remote e-voting, e-voting during the time of AGM and participation in the AGM through VC/OAVM is provided in the Notice of the 26th AGM.

A person whose name is recorded in the register of members or in the register of beneficial owners maintained by our RTA as on the cut-off date, i.e., Thursday, August 3, 2023 only shall be entitled to avail the facility of remote e-voting/e-voting during the AGM.

A person who has become member of the Company post dispatch of the notice of the AGM and continue to hold shares on the cut-off date can electronically vote on CDSL platform, if he is already registered with CDSL by using his existing user id and password or contact CDSL on above mentioned toll free no. or by sending an email to helpdesk.evoting@cdslindia.com.

Members are requested to carefully read the notice of the AGM and in particular, instructions for joining the AGM, manner of casting vote through remote e-voting or voting at the AGM.

NOTICE of Book Closure for the purpose of Dividend & Annual General Meeting

The Board of Directors at their Meeting held on May 22, 2023 recommended a Dividend of Rs. 2.00 per Equity Share of Rs. 10/- each for the financial year ended March 31, 2023, subject to the approval of shareholders of the Company.

In this regard, pursuant to Regulation 42 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from August 4, 2023 to August 10, 2023 (both days inclusive) for the purpose of the 26th AGM and also for determining the eligibility for payment of Dividend, if approved by the shareholders at the AGM.

The Dividend will be paid within 30 days from the conclusion of the AGM, to the shareholders whose names appear on the Company's Register of Members or in the records of the Depositories as Beneficial Owners, as at the end of business hours on Thursday, August 3, 2023, i.e. the date prior to the commencement of book closure.

Payment of Dividend shall be made through electronic mode to the shareholders who have registered their bank account details with the Company/Depositories. Dividend Warrants will be dispatched to the registered address of the shareholders who have not registered their bank account details.

Shareholders are informed that in terms of the provisions of the Finance Act 2020, dividend paid or distributed on or after April 1, 2020 shall be taxable in the hands of the Shareholder and such payment of Dividend will be subject to deduction of tax at source at applicable rates.

By order of the Board
Kamal Kishor Sewoda
Company Secretary

Place : Kolkata
Dated : July 11, 2023

Bank of India Mutual Fund

(Formerly BOI AXA Mutual Fund)
(Investment Manager: Bank of India Investment Managers Private Limited)
(Formerly BOI Star Investment Managers Private Limited)
(Formerly BOI AXA Investment Managers Private Limited)
Registered Office: B/204, Tower 1, Peninsula Corporate Park, Ganpatrao Kadam Marg, Lower Parel, Mumbai 400013.
CIN: U65900MH2007FTC173079

Bank of India Mutual Fund

NOTICE NO. 04/2023-24

ANNOUNCEMENT OF RESULT OF POSTAL BALLOT/ELECTRONIC VOTING:

Notice is hereby given to the Unit holders of Bank of India Mutual Fund ("the Fund") that the Bank of India Trustee Services Private Limited, Trustees to Bank of India Mutual Fund ("the Fund") had sought approval from unitholders to amend the Trust deed of Bank of India Mutual Fund to change the provision related to Trustee fees ("Proposed Change") vide letter dated June 05, 2023. A Notice dated June 02, 2023 was also released in the newspapers in this regard.

Unitholders are further requested to note that M/s Umashankar K Hegde, Practicing Company Secretary was appointed as scrutinizer to provide certification on the voting process through postal ballot and electronic voting conducted for the Proposed Change.

The Scrutinizer has presented the following results of postal ballot/electronic voting:

Sr. No	Particulars	No. of Unit holders	Total No of Units	% (in terms of units)
1.	Total Eligible Unitholders	323622	1,277,964,399.514	100.00
2.	Total Votes	104	2,111,551.275	100.00
3.	Votes casted – In favour	46	1,907,092.162	90.32
4.	Votes casted – Against	58	204,459.113	9.68

As the valid votes received from Unitholders in favour of the proposal is more than 50% as per the aforementioned table, such change is hereby declared as duly approved by requisite majority of the unitholders of the Fund.

For Bank of India Investment Managers Private Limited
(Formerly BOI Star Investment Managers Private Limited)
(Formerly BOI AXA Investment Managers Private Limited)
(Investment Manager for Bank of India Mutual Fund)
(Formerly BOI AXA Mutual Fund)

Place : Mumbai Sd/-
Date : July 11, 2023 **Authorised Signatory**

Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.

মতি নন্দীর ৯২তম জন্মদিনের একদিন আগে, তাঁকে শ্রদ্ধা জানিয়ে রবীন্দ্রসদনে মঞ্চস্থ হল তাঁর অবিস্মরণীয় উপন্যাসের নাট্যরূপ ‘কোনি’। ৩৯ বছর আগে সিনেমায় এসে বক্স অফিসে সাড়া ফেলে দিয়েছিল সৌমিত্র চট্টোপাধ্যায় ও শ্রীপর্ণা বন্দ্যোপাধ্যায় অভিনীত সরোজ দে–র ‘কোনি’। মঞ্চে কোনিকে এনে দুঃসাহসিক কাজ করল পানিহাটি অভিযাত্রী।

মঞ্চে নদী মঞ্চে কোনি

‘কোনি’ প্রিয়া সাহা রায় ও ‘ক্ষিদ্দা’ দেবদূত ঘোষ।

অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়

১০ জুলাই ছিল মতি নন্দীর ৯২তম জন্মদিন। ঠিক তার আগের দিন, রবিবার, তাঁকে শ্রদ্ধা ও প্রণাম জানিয়ে রবীন্দ্রসদনে মঞ্চস্থ হল ‘কোনি’। দুঃসাহসিক কাজ। ৩৯ বছর আগে সরোজ দে–র পরিচালনায় মতি নন্দীর এই উপন্যাস থেকে এক অসাধারণ সিনেমা তৈরি হয়েছিল। সাঁতারের এক জেদি, পাগলাটে, স্বপ্ন–দেখা কোচের ভূমিকায় সৌমিত্র চট্টোপাধ্যায় সত্যি–সত্যিই ক্ষিতীশ সিংহ তথা ‘ক্ষিদ্দা’ হয়ে উঠেছিলেন। কোনি–র চরিত্রে সত্যিকারের চ্যাম্পিয়ন সাঁতারু শ্রীপর্ণা বন্দ্যোপাধ্যায় মুগ্ধ করেছিলেন দর্শকদের। আর, সেই থেকে, বহু স্বপ্ন–দেখা মানুষের কাছে মন্ত্র হয়ে উঠেছিল, ক্ষিদ্দার সেই অমোঘ সংলাপ— ফাইট কোনি, ফাইট। এমনকী পরে সৌমিত্র চট্টোপাধ্যায় নিজেও একাধিকবার বলেছেন, কখনও হতাশ লাগলে এই সংলাপটা মন্ত্রের মতো ভেতরে–ভেতরে উচ্চারণ করি— ফাইট কোনি, ফাইট, আর, উধাও হয়ে যায় সমস্ত হতাশা। জাতীয় পুরস্কার পাওয়ার আগেই ‘কোনি’ বক্স অফিসে তুলকালাম করে দিয়েছিল। নায়ক–নায়িকা বর্জিত, রোমান্টিক গান কিংবা ডায়ালগের বাইরে থেকে, এক ‘বস্তির মেয়ে’ কোনি–র স্বপ্নপূরণের গল্পে ক্ষিদ্দার ‘ফাইট কোনি, ফাইট’ মন্ত্র আলোড়ন তুলেছিল প্রতিটি প্রেক্ষাগৃহে। এমন এক জনপ্রিয় ক্লাসিক হয়ে যাওয়া ছবির গল্প নিয়ে থিয়েটার করাটা যথেষ্ট দুঃসাহসের পরিচয়। এক অ–জনপ্রিয় নাট্যদল ‘পানিহাটি অভিযাত্রী’ সেই দুঃসাহস দেখাল মঞ্চে। উজ্জ্বল চট্টোপাধ্যায়ের নাট্যরূপে ‘কোনি’ পরিচালনা করেছেন শান্তনু নাথ। শান্তনু বললেন, এই দুঃসাহস তো দেখিয়েছে ‘কোনি’ এবং তার স্রষ্টা মতি নন্দী। সে জন্যেই আমরা তাঁর জন্মদিনের আগের দিন এই শো করলাম। তিনি আজও আমাদের অনুপ্রেরণা।

মঞ্চ যেন নদী

পর্দা তোলাই ছিল। দূর থেকে রবীন্দ্রসদনের আধো–আলো বড় মঞ্চটাকে যেন নদী বলে মনে হচ্ছিল। সেই নদী, যা এপার ওপার করে বস্তির ডানপিটে মেয়ে কোনি। মঞ্চের ছাদটা পুরোটা জুড়ে নীল রঙের জাল, যেটা নড়লে এবং সেখানে আলো পড়লে, মনে হয়, বিস্তৃত একটা নদী। মঞ্চের পেছনের বেশ কিছুটা অংশ সাদা স্বচ্ছ চকচকে কাপড় দিয়ে ঘেরা। সেখানে মাঝে মাঝে ঢেউ ওঠে। সেটা কোনিদের প্রতিযোগিতার সুইমিং পুল। কোনি ঝাঁপিয়ে পড়লে সেখানে আলো–ছায়ায় ঢেউ ওঠে, জল উছলে ওঠে। তরুণকান্তি বারিকের মঞ্চভাবনা, মদন হালদারের মঞ্চনির্মাণ আর দীনেশ পোদ্দারের আলো সুচারুভাবে শুরু থেকেই তৈরি করে দেয় কোনি–র প্রেক্ষাপট। শান্তসবুজ চট্টোপাধ্যায়ের আবহ এই প্রেক্ষাপটকে আরও সজীব করে তোলে।

উজ্জ্বল স্মৃতির হাত ধরে

সত্যি কথা বলতে কি, ‘কোনি’ সিনেমা দেখার উজ্জ্বল স্মৃতি থেকে দর্শকদের মুক্তি নেই। ফলে, নাটক দেখতে দেখতে বারবারই সিনেমার কথা মনে পড়বেই। এবং মঞ্চে এই নাটক নিয়ে আসা, সত্যিই, খুব কঠিন কাজ। এই চ্যালেঞ্জটা প্রথমেই নিয়েছেন নাটককার উজ্জ্বল চট্টোপাধ্যায়। তাঁর উজ্জ্বল নাট্যরূপে ‘কোনি’ আগাগোড়া গতিময়।
এবং কঠিন কাজ ছিল পরিচালকের। যে কাহিনির প্রতিটি শব্দে জল মিশে আছে, নদীর জল, সুইমিং পুলের জল এবং সেই জল ভেঙে এগিয়ে যাওয়ার এক অপরাজেয় ঢেউ, সেই কাহিনিকে মঞ্চে আনাটা সত্যিই একটা চ্যালেঞ্জ। নবীন পরিচালক শান্তনু নাথ সেই চ্যালেঞ্জের মোকাবিলা করেছেন তাঁর ভাবনা, পরিচালনা এবং দক্ষতা দিয়ে।
উপন্যাসের সব প্রধান চরিত্রই উঠে এসেছে নাটকে। ‘জুপিটার’ বা ‘অ্যাপোলো’র মতো সুইমিং ক্লাবের কর্মকর্তাদের দ্বেষ, হিংসা, ক্রূরতা সবই স্পষ্ট হয়ে ওঠে ঘাত, প্রতিঘাতে। এবং বস্তির মেয়ে ‘কোনি’র প্রতিভা ও পাগলাটে, জেদি, একরোখা কোচ ক্ষিদ্দার লড়াই। এই লড়াইটা কোনির মধ্যে ঢুকিয়ে দেওয়াই ছিল ক্ষিদ্দার কাজ। তাই কোনি, সব অপমান হজম করেও বড়লোকের সাঁতারু মেয়েকে বলতে পারে, জলের নীচে যদি তোমাকে পাই…। হ্যাঁ, জলের নীচে অপমানের জবাব দেওয়ার শিক্ষাটা কোনিকে দিতে পেরেছেন তার কোচ, তার ক্ষিদ্দা।
সৌমিত্র চট্টোপাধ্যায়ের জীবনের অন্যতম সেরা অভিনয় ক্ষিদ্দা। মঞ্চে সেই ভূমিকায় অভিনয় করাটা অবশ্যই একটা বড় চ্যালেঞ্জ। সন্দেহ নেই, দেবদূত ঘোষ সেই চ্যালেঞ্জ অতিক্রম করেছেন তাঁর নিজস্বতায়। দেবদূতের অভিনয়ে মঞ্চে জীবন্ত হয়ে উঠেছে ক্ষিদ্দা। এবং কোনির চরিত্রে প্রিয়া সাহা রায়ের অভিনয়ও অপূর্ব। কোনির অভিমান, অপমান সয়েও জেতার জেদ আছে তার অভিনয়ে। জুপিটারের ধীরেনের চরিত্রে কমল ব্রহ্ম, এমএলএ ‘বিনোদ’ কৈলাসনাথ পাল, এমএলএ–র চামচা ‘জগাই’ নীরদ মণ্ডল, ‘প্রণবেন্দু’ সুব্রত সেনগুপ্ত, ‘লীলাবতী’ শর্মিষ্ঠা দাস, কোনির দাদার ভূমিকায় শান্তনু নাথ ভাল অভিনয় করেছেন। সিরিও–কমিক চরিত্র বিষ্ণুচরণ ধর হিসেবে দারুণ অভিনয় করেছেন ড. সৌম্যদীপ দাস। টিমওয়ার্ক ভাল। তবে, আর একটু গতি দরকার। শেষ দৃশ্যের আগে, কোনির পদক জয়ের ঘোষণাটা জরুরি ছিল। শেষ দৃশ্যে কোরিওগ্রাফ চমৎকার, যেখানে সাঁতারু কোনির পিঠে যেন দুটো ডানা। এই ডানা বলে যায় ক্ষিদ্দার অমোঘ সংলাপ— সব পারে, মানুষ সব পারে… ফাইট কোনি, ফাইট।

নৃত্যের তালে তালে

মায়ের জন্মদিনে মেয়ের শ্রদ্ধাঞ্জলি

অমলাশঙ্করের ১০৪তম জন্মবার্ষিকীতে শবরীর ভূমিকায় মমতাশঙ্কর

সংস্কৃতির প্রতিবেদন: কিংবদন্তি নৃত্যশিল্পী অমলা শঙ্করের ১০৪তম জন্মবার্ষিকী পালিত হল। এই উপলক্ষে মমতাশঙ্কর ডান্স কোম্পানির পক্ষ থেকে আয়োজিত হয়েছিল এক বিশেষ অনুষ্ঠান। মমতাশঙ্করের পাঁচদিনব্যাপী চলা ডান্স ওয়ার্কশপের নিরিখে পরিবেশিত হল বিশেষ নৃত্যানুষ্ঠান। দেখানো হল অমলা শঙ্করকে নিয়ে তথ্যচিত্র। রবীন্দ্রসদন প্রেক্ষাগৃহের বাইরে আয়োজন করা হয় এক সুন্দর প্রর্দশনীর। অমলাশঙ্করের জীবনের নানা মুহূর্তের ছবি ছাড়াও ওঁর নিজের আঁকা ছবিও প্রর্দশিত হল।
এদিনের সর্বশেষ নিবেদনে ছিল নৃত্যনাট্য ‘শবরী’। চিত্রনাট্য, পোশাক, পরিচালনায় মমতাশঙ্কর। অতিরিক্ত সুর সংযোজন, সঙ্গীতায়োজন রাতুলশঙ্কর ঘোষের। বৃদ্ধা শবরীর ভূমিকায় মুগ্ধ করলেন মমতাশঙ্কর। তিনি জানালেন, মাঝে করোনাকালে কাজ তেমন ভাবে হয়নি। কোনও প্রোডাকশন স্টেজে করা যায়নি। আপনাদের শুভেচ্ছা পাথেয় করে আমাদের যে ধারা, উদয় শঙ্করের ঘরানা সঙ্গে নিয়ে আগামী দিনেও আরও নতুন প্রযোজনা করতে পারব এই আশা রাখি।

বর্ণময় নৃত্যসন্ধ্যা

সংস্কৃতির প্রতিবেদন: গড়িয়া আট্যম কলাক্ষেত্রের বার্ষিক অনুষ্ঠান ছিল মধুসূদন মঞ্চে। গৌতমকুমার পুততুণ্ডের পরিচালনায় ‘আমার ভারত আমার তীর্থ’ এক কথায় অসাধারণ। সহযোগিতায় ছিলেন অদিতি ব্যানার্জি। কাপড়ের ব্যবহারে নির্মিত নৃত্যপট প্রশংসার দাবি রাখে। ১৪০ জন ছাত্রছাত্রীর অংশগ্রহণে ছন্দময় বিভিন্ন নৃত্যনির্মিত অনবদ্য। খুদে শিল্পীদের নাচে মঞ্চে যেন ফুলের মেলা। বিশেষ ভাবে উল্লেখ করতে হয় মায়েদের গ্রুপের নাচ। চাকরি–সংসার সামলে তাঁরা নাচে যুক্ত হয়েছেন

ছবি: বিপ্লব মৈত্র

আট্যম কলাক্ষেত্রের সঙ্গে এবং তাঁদের উপস্থাপনা বেশ সুন্দর। সংস্থার শিল্পীদের দক্ষতা ছিল ভরতনাট্যম থেকে ওয়েস্টার্ন, সবেতেই। সংস্থার উদ্দেশ্য ও ভবিষ্যৎ পন্থা নিয়ে বলেন সুকান্ত রায়, অদিতি ব্যানার্জি ও গৌতম পুততুণ্ড। আট্যম কলাক্ষেত্রের নবীন শিল্পী আরাধ্য ব্যানার্জী, পিয়ালী ব্যানার্জী ও শারদ পুততুণ্ডকে পুরস্কৃত করা হয়। এদিন সত্যিই বর্ণময় নৃত্যসন্ধ্যা উপহার দিল আট্যম কলাক্ষেত্র।

সেতারের সুরে ৬০ বছর

সঙ্কর্ষণ বন্দ্যোপাধ্যায়: এই মুহূর্তে ভারতীয় মার্গসঙ্গীতের অন্যতম সেতারশিল্পী পণ্ডিত কুশল দাস। পারিবারিক সাঙ্গীতিক পরিবেশেই কুশল দাসের বেড়ে ওঠা। ঠাকুর্দা বিমল দাস ছিলেন প্রখ্যাত এসরাজ বাদক। বাবা শৈলেন দাস এবং কাকা শান্তনু দাস দুজনেই ছিলেন সেতারশিল্পী। বাবা ছিলেন লক্ষ্মণ ভট্টাচার্য এবং পণ্ডিত রবিশঙ্করের সুযোগ্য শিষ্য। কাকা তালিম পেয়েছিলেন উস্তাদ আলি আকবর খানের কাছে।

মাত্র চার বছর বয়সেই কুশলের সেতারের প্রাথমিক শিক্ষা বাবা–কাকার কাছে। পরবর্তীকালে সেতারের তালিম পেয়েছেন সঞ্জয় বন্দ্যোপাধ্যায় এবং অজয় সিংহরায়ের কাছে। কণ্ঠসঙ্গীতেও তালিম পেয়েছেন পণ্ডিত মানস চক্রবর্তীর কাছে। কিংবদন্তি সেতারশিল্পী পণ্ডিত নিখিল বন্দ্যোপাধ্যায়ের সাঙ্গীতিক অনুপ্রেরণায় নিজেকে প্রতিষ্ঠা করেছেন পণ্ডিত কুশল দাস। দেশ–বিদেশের উচ্চাঙ্গ সঙ্গীত সম্মেলনে সেতারের অন্যতম মুখ। ২০২০–তে সঙ্গীত নাটক অ্যাকাডেমি সম্মানে ভূষিত হয়েছেন ।সঙ্গীত জীবনের ৬০ বছর পূর্তি উপলক্ষে কলাশ্রী মিউজিক সার্কেলের আয়োজনে সাউথ সিটির ব্যাঙ্কোয়েট হলে শিল্পীকে শ্রদ্ধা জানাবেন তাঁর প্রিয় ছাত্র-ছাত্রী এবং শুভানুধ্যায়ীরা আগামী ২৯ জুলাই শনিবার। অনুষ্ঠানে প্রিয় ছাত্রদের সেতারবাদন ছাড়াও মূল আকর্ষণ হবে পণ্ডিত কুশল দাস ও পুত্র কল্যাণজিৎ দাসের সেতারে যুগলবাদন।

স্বস্তিকের সাজানো বাগান

সংস্কৃতির প্রতিবেদন: মনোজ মিত্রের ‘সাজানো বাগান’ নাটক মঞ্চস্থ হল শোভাবাজার স্বস্তিক–এর আয়োজনে। আবহশিল্পী স্বপন বন্দ্যোপাধ্যায়ের নির্দেশনায় ‘সাজানো বাগান’ দর্শকদের মন জয় করে নিল। সম্প্রতি মিনার্ভা থিয়েটারে দেখা গেল এই নাটক। বাঞ্ছারামের চরিত্রে সুরজিৎ দে, পদ্ম চরিত্রে শ্রীলতা ও অন্যান্য চরিত্রে অরুণ মল্লিক, সুরজিৎ মুখার্জি, রাজা চৌধুরি দর্শকদের মন ছুঁয়ে গেছেন। দীর্ঘদিন স্বপন বন্দ্যোপাধ্যায় আবহসঙ্গীতের সঙ্গে যুক্ত থেকেছেন, এই প্রথম তিনি নাটকের নির্দেশনায় এসে বাহবা পেলেন দর্শকদের।

এক্সপ্রো ইন্ডিয়া লিমিটেড

CIN: L25209WB1997PLC085972
রেজিস্টার্ড অফিস: বড়জোড়া মেজিয়া রোড, পোঃঅঃ– ঘুটগড়িয়া, তহসিল– বড়জোড়া, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ–৭২২২০২
ফোন: ৯১–৯৭৭৫৩০১৭০১; **ই–মেল:** cosec@xproindia.com; **ওয়েবসাইট:** www.xproindia.com

এতদ্দ্বারা এই **বিজ্ঞপ্তি** জারি করা হচ্ছে যে, ২২ মে, ২০২৩ তারিখ সংবলিত ২৬তম এজিএম–এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত কারবারগুলি নির্বাহের জন্য কোম্পানির সদস্যদের **ছাব্বিশতম বার্ষিক সাধারণ সভা (এজিএম)** ভিডিও কনফারেন্সিং (ভিসি)/ অন্যান্য অডিও ভিসুয়াল উপায়ের (ওএভিএম) মাধ্যমে **বৃহস্পতিবার, ১০ আগস্ট, ২০২৩** তারিখে ভারতীয় প্রমাণ সময় **সকাল ১০:৩০টায়** আয়োজিত হবে।

নিয়ন্ত্রক শর্তাবলি অনুসারে কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গণ)–এর কাছে যে সকল শেয়ারধারকের ই–মেল আইডি রেজিস্টার করানো ছিল, সেই সকল শেয়ারধারকের প্রতি ২৬তম এজিএম–এর বিজ্ঞপ্তি এবং ২০২২–২৩ অর্থবর্ষে কোম্পানির বার্ষিক প্রতিবেদন ইলেকট্রনিক উপায়ে পাঠানো হয়েছে। ২০২২–২৩ অর্থবর্ষে কোম্পানির বার্ষিক প্রতিবেদন এবং ২৬তম এজিএম–এর বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.xproindia.com সহ স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের (www.nseindia.com ও www.bseindia.com) পাশাপাশি সিডিএসএল–এর www.evotingindia.com ওয়েবসাইটেও দেওয়া আছে।

কোম্পানির তরফে সদস্যদের জন্য এজিএম এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত বিবেচনাধীন সিদ্ধান্তগুলির ওপর রিমোট ই–ভোটিংয়ের (এজিএম–এর আগে ভোটদানের সুবিধা) মাধ্যমে এবং এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের মাধ্যমে ইলেকট্রনিক উপায়ে ভোট দেওয়ার সুবিধা করা হয়েছে যে উদ্দেশ্যে কোম্পানির তরফে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)–এর পরিষেবা কাজে লাগানো হচ্ছে। রিমোট ই–ভোটিংয়ের মেয়াদ শুরু হবে সোমবার, ৭ আগস্ট, ২০২৩ (সকাল ৯:০০টায়) এবং শেষ হবে ৯ আগস্ট, ২০২৩ (বিকেল ৫:০০টায়) যার পরে ডিপোজিটরির তরফে ভোটিংয়ের পোর্টালটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে এবং আর কোনও ভোটদানের অনুমতি দেওয়া হবে না। কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা https://www.evotingindia.com ওয়েবসাইটে ‘ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (এফএকিউ’জ) অ্যান্ড ই–ভোটিং ম্যানুয়াল ফর মেম্বারস’ অংশটি দেখতে পারেন অথবা যোগাযোগ করতে পারেন এই ব্যক্তির সঙ্গে: মিঃ রাকেশ দলভি, ম্যানেজার, সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, ‘এ’ উইং, ফ্লোর নং ২৫, ম্যারাথন ফিউচারেক্স, এন এম যোশী মার্গ, লোয়ার পরেল (ইস্ট), মুম্বই–৪০০০১৩ অথবা ই–মেল পাঠাতে পারেন এই আইডি–তে: helpdesk.evoting@cdslindia.com অথবা সিডিএসএল–এর হেল্পডেস্কে এই নম্বরে যোগাযোগ করতে পারেন: ০২২–২৩০৫৮৫৪২/৪৩।

রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ করে ফেলার পরেও একজন সদস্য এই এজিএমে ভিসি/ওএভিএম–এর মাধ্যমে অংশ নিতে পারবেন, তবে সভায় তিনি পুনরায় ভোট দেওয়ার অনুমতি পাবেন না।

ভিসি/ওএভিএম–এর মাধ্যমে সভায় হাজির থাকা কোনও সদস্য রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে সভার বিবেচনাধীন সিদ্ধান্তগুলির ওপর নিজের ভোট না–দিয়ে থাকলে এবং অন্য কোনওভাবে তাঁর ভোটদানে বাধা না–থাকলে তিনি এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের মাধ্যমে ভোট দিতে পারবেন।

রিমোট ই–ভোটিং, এজিএম চলাকালীন ই–ভোটিং এবং ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএমে অংশগ্রহণের পদ্ধতি ২৬তম এজিএমের বিজ্ঞপ্তিতে বিশদে উল্লেখ করা আছে।

কেবলমাত্র নির্ধারিত কাট–অফ তারিখ অর্থাৎ, বৃহস্পতিবার, ৩ আগস্ট, ২০২৩–এর নিরিখে সদস্যদের রেজিস্টার বা আমাদের আরটিএ–র কাছে রক্ষণাবেক্ষণকৃত সুবিধাভোগী স্বত্বাধিকারীদের তালিকাভুক্ত ব্যক্তিই রিমোট ই–ভোটিং/ এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের সুবিধা পাওয়ার অধিকারী হবেন।

এজিএমের বিজ্ঞপ্তি প্রেরণের পরে কোনও ব্যক্তি কোম্পানির সদস্য হলে এবং নির্ধারিত কাট–অফ তারিখের নিরিখে কোম্পানির শেয়ার ধরে রাখলে নিজের বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে সিডিএসএল প্ল্যাটফর্মে (ইতিমধ্যেই সিডিএসএল–এর কাছে রেজিস্টার্ড থাকলে) অথবা উপরোক্ত টোল ফ্রি নম্বর বা helpdesk.evoting@cdslindia.com আইডি–তে ই–মেল পাঠিয়ে সিডিএসএল–এর সঙ্গে যোগাযোগ করে ইলেকট্রনিক উপায়ে ভোট দিতে পারবেন।

এজিএম এর এই বিজ্ঞপ্তি এবং বিশেষত এজিএমে যোগদানের নির্দেশাবলি, রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে ভোটদান বা এজিএম চলাকালীন ভোটদানের নির্দেশাবলি ভালভাবে পড়ে নেওয়ার জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

লভ্যাংশ এবং বার্ষিক সাধারণ সভার কারণে বই বন্ধের বিজ্ঞপ্তি

২২ মে, ২০২৩ তারিখে আয়োজিত সভা পরিচালকমণ্ডলী ৩১ মার্চ, ২০২৩ সমাপ্ত অর্থবর্ষের প্রেক্ষিতে ₹১০/– অভিহিত মূল্যের প্রতিটি শেয়ার পিছু ₹২.০০ লভ্যাংশ সুপারিশ করেছেন, যা কোম্পানির শেয়ারধারকদের অনুমোদন সাপেক্ষ হবে।

এই কারণে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর রেগুলেশন ৪২ অনুসারে ২৬তম এজিএম এবং উক্ত এজিএমে শেয়ারধারকদের দ্বারা অনুমোদিত হলে লভ্যাংশ প্রদানে যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্যে সদস্যদের রেজিস্টার এবং কোম্পানির শেয়ার হস্তান্তর বইগুলি ৪ আগস্ট, ২০২৩ থেকে ১০ আগস্ট, ২০২৩ (উভয় তারিখ অন্তর্ভুক্ত করে) বন্ধ থাকবে।

বৃহস্পতিবার, ৩ আগস্ট, ২০২৩ অর্থাৎ, বই বন্ধ রাখার আগের তারিখে কারবার বন্ধের মেয়াদ শেষে কোম্পানির সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিদের কাছে সুবিধাভোগী স্বত্বাধিকারী হিসেবে নাম নথিভুক্ত থাকা শেয়ারধারকদের প্রতি এজিএম সমাপ্তির তারিখ থেকে ৩০ দিনের মধ্যে লভ্যাংশ প্রদান করা হবে।

কোম্পানি/ডিপোজিটরিদের কাছে ব্যাঙ্ক অ্যাকাউন্ট রেজিস্টার করানো শেয়ারধারকদের প্রতি ইলেকট্রনিক উপায়ে লভ্যাংশ প্রদান করা হবে। যে সকল শেয়ারধারক তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিশদ তথ্য রেজিস্টার করাননি, তাঁদের রেজিস্টার্ড ঠিকানায় ডিভিডেন্ড ওয়ারান্ট পাঠিয়ে দেওয়া হবে।
শেয়ারধারকরা অনুগ্রহপূর্বক এই বিষয়টি খেয়াল রাখবেন যে, ফিনান্স অ্যাক্ট, ২০২০ এর সংস্থান অনুযায়ী ১ এপ্রিল, ২০২০ বা তার পরবর্তীতে প্রদত্ত বা বণ্টিত লভ্যাংশ শেয়ারধারকের হাতেই করযোগ্য এবং এরূপ লভ্যাংশ প্রদান প্রযোজ্য হারে উৎসমূলে কর কাটা সাপেক্ষ হবে।

বোর্ডের আদেশানুসার
কমল কিশোর সেওদা
কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ১১ জুলাই, ২০২৩

INDIA POWER Adding power to life — ইন্ডিয়া পাওয়ার কর্পোরেশন লিমিটেড

(পূর্বতন ডিপিএসসি লিমিটেড)
CIN: L40105WB1919PLC003263
রেজিস্টার্ড অফিস: প্লট নং X১–২ ও ৩, ব্লক– ইপি, সেক্টর–৫, সল্ট লেক সিটি, কলকাতা–৭০০০৯১
ফোন: +৯১ ৩৩ ৬৬০৯ ৪৩০০/০৮/০৯/১০; ফ্যাক্স: +৯১ ৩৩ ২৩৫৭ ২৪৫২
ই–মেল: corporate@indiapower.com; ওয়েবসাইট: www.indiapower.com

শেয়ারধারকদের প্রতি বিজ্ঞপ্তি
ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ডে (‘আইইপিএফ’) কোম্পানির ইকুইটি শেয়ার স্থানান্তর

বিভিন্ন সময়ে সংশোধিত ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুলস, ২০১৬ (‘দ্য রুলস’) এর রুল ৬ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১২৪(৬) নং ধারার সংস্থানসমূহের প্রেক্ষিতে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।
সাত বছর ধরে অপ্রদত্ত বা দাবিহীন থাকা **২০১৫–১৬ অর্থবর্ষে ঘোষিত লভ্যাংশ ১৪ অক্টোবর, ২০২৩** তারিখে আইইপিএফ অ্যাকাউন্টে ক্রেডিট করাতে হবে। উপর্যুপরি সাত বছর ধরে যে সমস্ত শেয়ারের ওপর লভ্যাংশ অপ্রদত্ত বা দাবিহীন রয়েছে, সেগুলিও উক্ত রুলসমূহে নির্ধারিত পদ্ধতিতে আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তর করা হবে। ডিপোজিটরিজ অ্যাক্ট, ১৯৯৬ এর অধীনে রেহানাবদ্ধ/বন্ধক রাখা শেয়ার অথবা স্থানান্তরের ওপর আদালত/ট্রাইবুনালের নির্দিষ্ট নিষেধাজ্ঞা রয়েছে, এমন শেয়ারগুলি অবশ্য কোম্পানির তরফে আইইপিএফে স্থানান্তর করা হবে না।
উক্ত রুলসমূহ অনুসারে, সংশ্লিষ্ট শেয়ারধারকদের প্রতি কোম্পানির তরফে পৃথকভাবে বার্তা পাঠানো হয়েছে এবং এরূপ শেয়ারধারকদের বিশদ তথ্য, নগদীকৃত না–করানো লভ্যাংশ এবং আইইপিএফে স্থানান্তরযোগ্য শেয়ারগুলি সম্পর্কিত তথ্য কোম্পানির www.indiapower.com ওয়েবসাইটে দেওয়া আছে। এই শেয়ারগুলির ওপর উদ্ভূত লভ্যাংশ আইইপিফে স্থানান্তরের আগে অর্থাৎ, **১৪ অক্টোবর, ২০২৩** বা তার আগে **২০১৫–১৬ অর্থবর্ষে ঘোষিত লভ্যাংশের** জন্য দাবি জানাতে সংশ্লিষ্ট শেয়ারধারকদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।
ফিজিক্যাল ফর্মে শেয়ার ধরে রাখা এবং আইইপিএফে স্থানান্তরযোগ্য এরূপ শেয়ারধারকরা অনুগ্রহপূর্বক এই বিষয়টি খেয়াল রাখবেন যে, আইইপিএফে স্থানান্তরের উদ্দেশ্যে তাঁদের হাতে থাকা আসল শেয়ার সার্টিফিকেট(গুলি)র পরিবর্তে কোম্পানি নতুন শেয়ার সার্টিফিকেট(সমূহ) জারি করবে এবং এরূপ জারির পরে কর্পোরেট প্রক্রিয়ার মাধ্যমে কোম্পানির তরফে সংশ্লিষ্ট ডিপোজিটরিগুলিকে তা জানিয়ে দেওয়া হবে যাতে নতুন শেয়ার সার্টিফিকেট(গুলি) ডিম্যাট ফর্মে রূপান্তর করে সেগুলি আইইপিএফ এর অনুকূলে স্থানান্তর করা হয়। এর ফলে আসল শেয়ারধারকগণের নামে নিবন্ধীকৃত আসল শেয়ার সার্টিফিকেট(গুলি) নিজে থেকেই বাতিল এবং অ–বিনিময়যোগ্য প্রতিপন্ন হবে। শেয়ারধারকগণ আরও খেয়াল রাখবেন যে, আইইপিএফে স্থানান্তরের উদ্দেশ্যে কোম্পানির তরফে নতুন শেয়ার সার্টিফিকেট(সমূহ) জারির প্রেক্ষিতে কোম্পানির তরফে তার ওয়েবসাইটে প্রদত্ত বিশদ তথ্যাবলি উপযুক্ত বিজ্ঞপ্তি হিসেবে গণ্য ও প্রতিপন্ন হবে।
সর্বশেষ **৭ অক্টোবর, ২০২৩ তারিখের** মধ্যে সংশ্লিষ্ট শেয়ারধারকদের থেকে কোম্পানি কোনও বার্তা না পেলে উক্ত রুলসমূহের প্রয়োজনীয়তা মান্য করার লক্ষ্যে এই কোম্পানি নির্ধারিত তারিখ অর্থাৎ, **১৪ অক্টোবর, ২০২৩ তারিখের** মধ্যে সংশ্লিষ্ট লভ্যাংশ আইইপিএফে স্থানান্তর করে দেবে। উপর্যুপরি সাত বছর ধরে যে সকল শেয়ারের ওপর লভ্যাংশ দাবিহীন থেকেছে, নতুন কোনও বিজ্ঞপ্তি জারি না করেই নির্ধারিত সময়সীমা অর্থাৎ, **১৪ অক্টোবর, ২০২৩ তারিখের** মধ্যে সেগুলিও স্থানান্তর করা হবে।
অনুগ্রহপূর্বক এই বিষয়টি খেয়াল রাখবেন যে, আইইপিএফে স্থানান্তরিত দাবিহীন লভ্যাংশের অর্থাঙ্ক ও শেয়ারগুলির প্রেক্ষিতে কোম্পানির বিরুদ্ধে কোনও দাবি বকেয়া রাখা চলবে না। www.iepf.gov.in ওয়েবসাইটে দেওয়া নিয়মাবলীতে নির্ধারিত পদ্ধতি অনুসরণে সংশ্লিষ্ট শেয়ারধারকগণ স্থানান্তরিত শেয়ারসমূহ এবং এগুলির ওপর উদ্ভূত যাবতীয় সুবিধাবলি (যদি থাকে) ফেরতের জন্য আইইপিএফ কর্তৃপক্ষের কাছে দাবি জানাতে পারবেন।
এই বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি কোম্পানির ওয়েবসাইটের পাশাপাশি কোম্পানির ইকুইটি শেয়ারগুলি যে সকল স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত, সেখানকার ওয়েবসাইট অর্থাৎ, www.nseindia.com এবং www.msei.in–তে দেওয়া থাকবে।
ওপরের আলোচ্য বিষয় এবং প্রযোজ্য রুলসমূহের প্রেক্ষিতে কোনও শেয়ারধারকের কোনও প্রশ্ন থাকলে, তিনি/তাঁরা কোম্পানির সঙ্গে corporate@indiapower.com আইডি–তে কিংবা কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্টের সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: **মেসার্স সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাঃ) লিঃ, পি–২২, বন্ডেল রোড, কলকাতা– ৭০০০১৯, ফোন: ০৩৩–৪০১১ ৬৭০০/৬৭২৪, ফ্যাক্স: ০৩৩–৪০১১ ৬৭৩৯, ই–মেল: rta@cbmsl.com.**

ইন্ডিয়া পাওয়ার কর্পোরেশন লিমিটেড এর পক্ষে
স্বাঃ–
প্রশান্ত কাপুর
কোম্পানি সেক্রেটারি
ACS15576
স্থান: কলকাতা
তারিখ: ১১.০৭.২০২৩

ইন্ডিয়ান বৈঙ্ক Indian Bank — इलाहाबाद ALLAHABAD

স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট লার্জ (এসএএমএল)
কলকাতা ব্রাঞ্চ, ১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, দ্বিতীয় তল, ইন্ডিয়ান ব্যাঙ্ক বিল্ডিং, কলকাতা–৭০০০০১
ই–মেল: samlkolkata@indianbank.co.in
ফোন: (০৩৩) ২২৩১ ১৪৭১

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও ৯(১) এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) ও ৯(১) এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণের পাশাপাশি বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, এসএএমএল কলকাতা (সুরক্ষিত ঋণদাতা)** এর অনুমোদিত আধিকারিক নিম্নোক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এর থেকে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, এসএএমএল কলকাতা (সুরক্ষিত ঋণদাতা)** এর পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলির **গঠনমূলক/বাস্তবিক দখল** নিয়েছেন যেগুলি ৩১.০৭.২০২৩ তারিখে **‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেমন আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ই–নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তিগুলির নির্দিষ্ট বিবরণ এখানে নীচে উল্লেখ করা হল:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম খ) ব্রাঞ্চের নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড গুণক ঘ) সম্পত্তির আইডি নং ঙ) দায় (যদি থাকে) চ) দখলের প্রকৃতি
১	**ক) ১. মেসার্স গার্ডেনরিচ অ্যাসবেস্টস এজেন্সি (ঋণগ্রহীতা)** i) এ৩–১৪/২৮/১–৩, হালদার পাড়া রোড, পোঃঅঃ– গার্ডেনরিচ, থানা– রবীন্দ্র নগর, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭০০০২৪, পশ্চিমবঙ্গ ii) সি/৫১৯, রামদাস হাটি, ফতেপুর, ফার্স্ট লেন, পোঃঅঃ– গার্ডেনরিচ, থানা– মেটিয়াব্রুজ, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা– ৭০০০২৪, পশ্চিমবঙ্গ **২. মিঃ আব্বাস আলি হালদার (প্রোপ্রাইটর/ ঋণগ্রহীতা/ জামিনদার),** পিতা– আশরফ আলি হালদার, সি/৫১৯, রামদাস হাটি, ফতেপুর, ফার্স্ট লেন, পোঃঅঃ– গার্ডেনরিচ, থানা– মেটিয়াব্রুজ, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা– ৭০০০২৪, পশ্চিমবঙ্গ **৩. জামিনদার/ বন্ধকদাতা: মিসেস সাবিনা হালদার,** স্বামী– মিঃ আব্বাস আলি হালদার, সি/৫১৯, রামদাস হাটি, ফতেপুর, ফার্স্ট লেন, পোঃঅঃ– গার্ডেনরিচ, থানা– মেটিয়াব্রুজ, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা– ৭০০০২৪, পশ্চিমবঙ্গ **খ) স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট লার্জ কলকাতা ব্রাঞ্চ**	‘জে আর ইন্ডাস্ট্রিয়াল এস্টেট’ নামক ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে অবস্থিত সামান্য কমবেশি **৬ কাঠা** জমি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ, মৌজা– বনগ্রাম, তৌজি নং ৩/৪/৫, রসপুঞ্জ গ্রাম পঞ্চায়েত, পোঃঅঃ– রসপুঞ্জ, থানা– বিষ্ণুপুর, পরগনা– খাসপুর, কলকাতা– ৭০০১০৪, জমির পরিমাপ– ৩ কাঠা ১২ ছটাক, জে এল নং ১৬, আর এস খতিয়ান নং ১০, আর এস দাগ নং ৩৫১ (হাল ৪০৮) এবং জমির পরিমাপ ২ কাঠা ৪ ছটাক, যার আর এস খতিয়ান নং ৭, দাগ নং ৩৪৮, ডিএসআর–IV, আলিপুর, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড দলিল নং ২৬৯১/২০০২ অনুযায়ী **সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ আব্বাস আলি হালদার এবং মিসেস সাবিনা হালদার।** **সম্পত্তিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত:** **উত্তর:** অংশত দাগ নং ৩৫১, বর্তমানে মালিকের জমি ও ফ্যাক্টরি শেড; **দক্ষিণ:** ২০ ফুট চওড়া কমন প্যাসেজ; **পূর্ব:** অংশত দাগ নং ৩৪৮ ও ৩৫১, বর্তমানে ফ্যাক্টরি শেড; **পশ্চিম:** অংশত দাগ নং ৩৪৯ ও ৩৫০, বর্তমানে অন্যের সম্পত্তি/ ফ্যাক্টরি শেড।	**₹২,৫২,৬৮,৩৫২.০০** (দুই কোটি বাহান্ন লক্ষ আটষট্টি হাজার তিনশো বাহান্ন টাকা মাত্র), ক্যাশ ক্রেডিটের প্রেক্ষিতে এবং **₹৭,২৭,৩৪০.০০** (সাত লক্ষ সাতাশ হাজার তিনশো চল্লিশ টাকা মাত্র), এফআইটিএল এর প্রেক্ষিতে, **১০.০৮.২০২১** তারিখের ভিত্তিতে + ১১.০৮.২০২১ থেকে বকেয়া সুদ, মাসুল, অন্য চার্জ ও খরচাপাতি (ঋণগ্রহীতা ২৩.১১.২০২১ থেকে ২৮.০৭.২০২২ তারিখের মধ্যে বিভিন্ন অ্যাকাউন্টে **₹১,৯০,০০০.০০** জমা দিয়েছেন এবং ১২.০৮.২০২২ তারিখে একটি বন্ধকি সম্পত্তির ই–নিলাম বিক্রির মাধ্যমে ₹৯৯,৪৯,৫০০.০০ পাওয়া গেছে)	**ক) ₹২৪,০০,০০০.০০ (*)** (চব্বিশ লক্ষ টাকা মাত্র) **খ) ₹২,৪০,০০০.০০** (দুই লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র) **গ) ₹২৫,০০০.০০** (পঁচিশ হাজার টাকা মাত্র) **ঘ) IDIBBRSAMBKOL405** **ঙ) আমাদের জানা নেই** **চ) গঠনমূলক দখল**
২	**ক) ১. মেসার্স পি বি কয়্যার প্রোডাক্টস (ঋণগ্রহীতা)** গ্রাম– কালিকাপুর, পোঃঅঃ– বাখরাহাট, থানা– বিষ্ণুপুর, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭৪৩৩৭৭, পশ্চিমবঙ্গ **২. মিঃ প্রিয়ব্রত ঘোষ (প্রোপ্রাইটর/ বন্ধকদাতা)** পিতা– প্রয়াত পরেশনাথ ঘোষ, গ্রাম– সাঁজুয়া, পোঃঅঃ– বাখরাহাট, বিবিরহাট মোড়ের কাছে, থানা– বিষ্ণুপুর, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭৪৩৩৭৭, পশ্চিমবঙ্গ **৩. মিসেস টুম্পা ঘোষ (জামিনদার/ বন্ধকদাতা)** স্বামী– শ্রী প্রিয়ব্রত ঘোষ, গ্রাম– সাঁজুয়া, পোঃঅঃ– বাখরাহাট, বিবিরহাট মোড়ের কাছে, থানা– বিষ্ণুপুর, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭৪৩৩৭৭, পশ্চিমবঙ্গ **খ) স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট লার্জ কলকাতা ব্রাঞ্চ**	**শ্রী প্রিয়ব্রত ঘোষ**–এর স্বত্বাধীনে ৩৫ শতক **ফ্যাক্টরি শেড ও বিল্ডিং সমেত সামান্য কমবেশি ১১ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ,** মৌজা– বড় কালিকাপুর, পরগনা– আজিমাবাদ, জে এল নং ৪৯, তৌজি নং ৩৯২, রে সা নং ৯৩, থানা– বিষ্ণুপুর, হাল খতিয়ান নং ৭২৪, এল আর খতিয়ান নং ৫৪৭ ও ১৪১, দাগ নং ৩৩, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭৪৩৩৭৭, পশ্চিমবঙ্গ, এডিএসআর– বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড ২০০৮ সালের দান দলিল নং ৫৩১৩ অনুযায়ী সম্পত্তি। **উক্ত জমিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত:** **উত্তর:** সাঁজুয়া মৌজা; **দক্ষিণ:** ৬০ ও ৬১ নং দাগের সম্পত্তি; **পূর্ব:** দাগ নং ৬৩; **পশ্চিম:** অংশত ৩৩ নং দাগের জমি। **শ্রী প্রিয়ব্রত ঘোষ–এর স্বত্বাধীনে ৩৫ শতক ফ্যাক্টরি শেড ও বিল্ডিং সমেত সামান্য কমবেশি ১৩ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ,** মৌজা– বড় কালিকাপুর, পরগনা– আজিমাবাদ, জে এল নং ৪৯, তৌজি নং ৩৯২, রে সা নং ৯৩, থানা– বিষ্ণুপুর, হাল খতিয়ান নং ৭২৪, এল আর খতিয়ান নং ৫৪৭ ও ১৪১, দাগ নং ৩৩, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭৪৩৩৭৭, পশ্চিমবঙ্গ, এডিএসআর– বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড ২০০৮ সালের দলিল নং ৮৫০ অনুযায়ী সম্পত্তি। **উক্ত জমিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত:** **উত্তর:** সাঁজুয়া মৌজা; **দক্ষিণ:** ৫৯ নং দাগের সম্পত্তি; **পূর্ব:** অংশত দাগ নং ৩৩ সংবলিত জমি; **পশ্চিম:** বিশ্বনাথ গুরের সম্পত্তি। **শ্রী প্রিয়ব্রত ঘোষ ও অন্যদের স্বত্বাধীনে ফ্যাক্টরি শেড ও বিল্ডিং সমেত সামান্য কমবেশি ২২ শতক জমির অবিভক্ত ও সমানুপাতিক অংশ পরিমাণ জমির অপরিহার্য সমগ্র পরিমাণ,** মৌজা– বড় কালিকাপুর, পরগনা– আজিমাবাদ, জে এল নং ৪৯, তৌজি নং ৩৯২, রে সা নং ৯৩, থানা– বিষ্ণুপুর, হাল খতিয়ান নং ৭২৪, এল আর খতিয়ান নং ৫৪৭ ও ১৪১, দাগ নং ৩৩, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পিন– ৭৪৩৩৭৭, পশ্চিমবঙ্গ, এডিএসআর– বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গে রেজিস্টার্ড ২০০০ সালের দলিল নং ১৭০৪ অনুযায়ী সম্পত্তি।	**₹১,৫৪,৫৪,৫৫৫.০০** (এক কোটি চুয়ান্ন লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশো পঞ্চান্ন টাকা মাত্র), **২০.০৬.২০২১** অনুযায়ী + ২১.০৬.২০২১ থেকে এর ওপর সুদ, মাসুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি (২০.০৫.২০২৩ তারিখে একটি বন্ধকি সম্পত্তির ই–নিলাম বিক্রির মাধ্যমে পাওয়া ₹৩৩,৫০,০০০.০০ বাদে)	**ক) ₹৮৯,০০,০০০.০০ (*)** (উননব্বই লক্ষ টাকা মাত্র) **খ) ₹৮,৯০,০০০.০০** (আট লক্ষ নব্বই হাজার টাকা মাত্র) **গ) ₹৫০,০০০.০০** (পঞ্চাশ হাজার টাকা মাত্র) **ঘ) IDIB50164514665A** **ঙ) আমাদের জানা নেই** **ছ) গঠনমূলক দখল**

* বিক্রয়মূল্য অবশ্যই সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে।

পরিদর্শনের তারিখ: ১১.০৭.২০২৩ থেকে ৩০.০৭.২০২৩; সকাল ১০:০০টা থেকে বিকেল ৪:০০টা
ই–নিলামের তারিখ ও সময়: তারিখ ৩১.০৭.২০২৩; সময়: সকাল ১১:০০টা থেকে বিকেল ৫:০০টা
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর ওয়েব প্ল্যাটফর্ম: https://www.mstcecommerce.com/auctionhome/ibapi

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা এমএসটিসি লিমিটেড–এর ওয়েবসাইট **(https://www.mstcecommerce.com/auctionhome/ibapi)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক **এমএসটিসি এর হেল্পডেস্ক নম্বর:** ০৩৩–২৩৪০০০২০/ ২৩৪০০০২১/ ২৩৪০০০২২ এবং পরিষেবা প্রদানকারীর হেল্পডেস্কে উপলব্ধ অন্য হেল্পলাইন নম্বরগুলি যোগাযোগ করবেন। এমএসটিসি লিমিটেডের কাছে রেজিস্ট্রেশনের স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **ibapiop@mstcecommerce.com** এবং ইএমডির স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **ibapifin@mstcecommerce.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহ করে **https://ibapi.in** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহ করে এই হেল্পলাইন নম্বরগুলিতে যোগাযোগ করবেন: ‘১৮০০১০২৫০২৬’ এবং ‘০১১–৪১১০ ৬১৩১’।
https://ibapi.in এবং **www.mstcecommerce.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) এর প্রতিও এটি একটি বিজ্ঞপ্তি

তারিখ: ১০.০৭.২০২৩
স্থান: কলকাতা
অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক